

গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu□min) | غَافِر (ٱلْمُؤْمِن)

আয়াতঃ ৪০ : ১৩

💵 আরবি মূল আয়াত:

তিনিই তোমাদেরকে তাঁর নিদর্শনাবলী দেখান এবং আকাশ থেকে তোমাদের জন্য রিযক পাঠান। আর যে আল্লাহ অভিমুখী সেই কেবল উপদেশ গ্রহণ করে থাকে। — আল-বায়ান

তিনি তাঁর নিদর্শনাবলী তোমাদেরকে দেখান আর আকাশ থেকে তোমাদের জন্য রিযক অবতীর্ণ করেন, আল্লাহ-অভিমুখীরা ছাড়া কেউ উপদেশ গ্রহণ করে না। — তাইসিরুল

তিনিই তোমাদেরকে তাঁর নিদর্শনাবলী দেখান এবং আকাশ হতে প্রেরণ করেন তোমাদের জন্য রিযক। আল্লাহর অভিমুখী ব্যক্তিই উপদেশ গ্রহণ করে থাকে। — মুজিবুর রহমান

It is He who shows you His signs and sends down to you from the sky, provision. But none will remember except he who turns back [in repentance]. — Sahih International

১৩. তিনিই তোমাদেরকে তার নিদর্শনাবলী দেখান এবং আকাশ হতে তোমাদের জন্য রিযিক নাযিল করেন। আর যে আল্লাহ-অভিমুখী সেই কেবল উপদেশ গ্রহণ করে।

তাফসীরে জাকারিয়া

- (১৩) তিনিই তোমাদেরকে তাঁর নিদর্শনাবলী দেখান এবং আকাশ হতে তোমাদের জন্য রুযী প্রেরণ করেন;[1] আর (আল্লাহর) [2] অভিমুখী ব্যক্তিই উপদেশ গ্রহণ করে থাকে।
 - [1] অর্থাৎ, পানি; যা তোমাদের রুযীর উপকরণ। এখানে মহান আল্লাহ একত্রে নিদর্শনাবলীর প্রকাশ ও রুযী অবতরণের কথা পাশাপাশি উল্লেখ করেছেন। কেননা, মহাশক্তির নিদর্শনাবলীর প্রকাশে রয়েছে দ্বীনের বুনিয়াদ এবং রুযী হল দেহের বুনিয়াদ। এইভাবে এখানে উভয় বুনিয়াদকেই একত্রিত করে দেওয়া হয়েছে। (ফাতহুল কাদীর)



(غَافِر ٱلْمُؤْمِن ا Ghafir (Al-Mu'min) ا Gháؤمِن ا (أَلْمُؤُمِن ا अ hadithbd.com — কুরআন — গাফির

[2] আল্লাহর আনুগত্যের প্রতি অভিমুখী, যার দ্বারা তাদের অন্তরে আখেরাতের ভয় সৃষ্টি হয় এবং আল্লাহর বিধি-বিধান ও তাঁর ফরয কার্যাদি পালনে যতুবান হয়।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4146

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন